

নারী শিক্ষায় ইউনেস্কোকে অর্থসাহায্যের প্রতিশ্রুতি জারদারির

সর্বোদয় ডেস্ক

নারী শিক্ষার জন্য ইউনেস্কোকে ১ কোটি ডলার দেয়ার অঙ্গীকার করেছেন পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলি জারদারি। ডালৈবান হামলাকারীদের ওসিতে আহিত পাকিস্তানি অধিকারকর্মী ও কুলশিনতাস্ত্রী মালাল্লা ইউসুফজাইয়ের বপুসফল করার উক্ষে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান, ও সংস্কৃতিবিষয়ক সংস্থাকে (ইউনেস্কো) তিনি এই অর্থ দেবেন বলে গত সোমবার অঙ্গীকার করেছেন। রয়টার্স।

প্যারিসে ইউনেস্কোর সদর দফতরে 'মালালার জন্য' শিরোনামে এক প্রচারণামূলক অনুষ্ঠানে উপস্থিত জারদারি বলেন, গত শনিবার যুক্তরাজ্যে চিকিৎসাধীন মালালার সঙ্গে সাক্ষাৎ করে গভীরভাবে আবেগাপ্রসূত হন তিনি।

তিনি বলেন, 'সবাইকে কুলে পাঠানোর সিদ্ধান্ত, বিশেষ করে লাখ লাখ কন্যাশিশুকে কুলে পাঠানোই সহিংসতা মোকাবেলার জন্য সর্বোত্তম পন্থা, এ নিয়ে কোন সন্দেহ নেই আমার।'

তবে এই শিক্ষা তহবিল সম্পর্কে তিনি বিস্তারিত আর কিছু জানাননি। এমনকি তা কোথা থেকে আসবে সে ব্যাপারেও কোনকিছু উল্লেখ করেননি। গত অক্টোবরে মালাল্লা ইউসুফজাইয়ের ওপর হামলার পর বিশ্বজুড়ে মালালার পক্ষে জনমত গড়ে ওঠে। ডালৈবান নিয়ন্ত্রিত পাকিস্তানের উত্তরপশ্চিমাঞ্চলের সোয়াত উপত্যকা এলাকায় কন্যাশিশুদের শিক্ষার দাবিতে

লেখালেখি করায় মালালার ওপর হামলা চালানো হয়। ঔপনিবেশিক গুরুতর অবস্থায় তাকে প্রথমে পাকিস্তানেই চিকিৎসা দেয়া হয়। উন্নত চিকিৎসার জন্য যুক্তরাজ্যের বার্মিংহামে কুইন এলিজাবেথ হাসপাতালে পাঠানো হয়। সেখানকার চিকিৎসকরা জানিয়েছেন, ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছে মালাল্লা।

মালাল্লা ইউসুফজাইকে হত্যার উক্ষে মালালার দায়িত্ব স্বীকার করেছে পাকিস্তানি ডালৈবান। মালাল্লা পশ্চিমাদের পক্ষ নিয়েছে বলে অভিযোগ তুলেছে তারা। কুল থেকে বাড়ি ফেরার পথে দুব কাছ থেকে মালালার মাথায় ওলি করা হয়। ইউনেস্কো জানায়, সারা বিশ্বে প্রায় ৬ কোটি ১০ লাখ শিশু কুলে যেতে পারছে না। এর দুই-তৃতীয়াংশই কন্যাশিশু। পাকিস্তানের প্রত্যন্ত অঞ্চলগুলোতে কন্যাশিশুরা কুলে যেতে পারছে না, যা দেশটির মোট কন্যাশিশুর প্রায় অর্ধেক।

ইউনেস্কো সদর দফতরে অনুষ্ঠানে এক ভিডিও বার্তায় মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন বলেন, কন্যাশিশুদের জন্য শিক্ষা মানে তাদের বাল্যবিবাহের আশঙ্কা কমে যাওয়া এবং পরিবারের আয়-উপার্জনে তার অবদানের সম্ভাবনা বেড়ে যাওয়া।

তিনি বলেন, 'বিশ্বজুড়ে শিক্ষার হার বাড়িয়ে দেয়া অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী পন্থা। কিন্তু সারা বিশ্বেই কন্যাশিশুরা শিক্ষাগ্রহণের পথে নানা ধরনের বাধার সম্মুখীন হচ্ছে।'